



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

জিএম (আইসিটি/টেকনিক্যাল), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং, ডিপিডিসি

এবং

নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০- ৩০ জুন, ২০২১

Mason

সূচিপত্র

ডিপিডিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র.....	০৩
উপক্রমণিকা.....	০৪
সেকশন ১ : ডিপিডিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ...	০৫
সেকশন ২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	০৭
সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১৪
সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা. ১৬	

Masam

ডিপিডিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the DPDC)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহ (৩বছর) এর প্রধান অর্জনসমূহ :

গত ০৩ বছরে আমদানি পর্যায়ে সিস্টেম লস ৯.১৮% থেকে ৭.২৯% এ হ্রাস পেয়েছে। ৭০৯ কি:মি: বিতরণ লাইন নির্মাণ করা হয়েছে। উপ-কেন্দ্রের ক্যাপাসিটি ১৩২/৩৩ কেভি লেভেলে ২১৪৮ এমভিএ থেকে ২৪১৮ এমভিএ উন্নীত হয়েছে। ২.৪৮ লক্ষ নতুন সংযোগ প্রদান করা হয়েছে। গত ০৩ বছরে প্রায় ৩,৫২,৩০২ প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে। সকল উপ-কেন্দ্রসহ ১৩২/৩৩ কেভি লাইন ও ১১ কেভি লাইনে জিআইএস সম্পন্ন হয়েছে। গ্রাহক সেবার মান অধিকতর বৃদ্ধিকল্পে কল সেন্টার স্থাপন করা হয়েছে। ডিপিডিসি'র গ্রাহকগণের জন্য AMI(Automated Metering Infrastructure) বাস্তবায়ন করা হচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যাসমূহ:

- ক) অপরিমিত নগরায়নের ফলে ঝুঁকিপূর্ণ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা;
- খ) বাংলাদেশে মহামারি আকারে কোভিড-১৯ এর প্রাদূর্ভাব হওয়ায় গ্রাহক পর্যায়ে সেবা প্রদান বিঘ্ন হচ্ছে।

চ্যালেঞ্জসমূহ:

- ক) চাইনিজ জি টু জি লোন এর আওতায় এক্সপানশন এন্ড স্ট্রেন্গেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি বাস্তবায়ন করা।
- খ) ২০২১ সালের মধ্যে ডিপিডিসির এলাকার সকল গ্রাহককে প্রি-পেইড মিটারের আওতায় আনা;
- গ) নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ ও পুরাতন উপকেন্দ্রসমূহ মেরামতের মাধ্যমে ক্যাপাসিটি বৃদ্ধি করা;
- ঘ) নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি আরও বৃদ্ধি করা;
- ঙ) চাইনিজ জি টু জি লোন এর আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের পর ঋণের কিস্তি পরিশোধ করা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

গ্রাহকের ক্রমবর্ধমান চাহিদা পূরণ, গ্রাহক সেবার মান বৃদ্ধি, নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ বিতরণ করার লক্ষ্যে সরকার ও দাতা সংস্থা অর্থায়নে এবং ডিপিডিসি'র নিজস্ব অর্থায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো:

- ক) ডিপিডিসি'র আওতাধীন উপকেন্দ্রসমূহে স্মার্ট গ্রিড সিস্টেম ব্যবস্থার প্রবর্তন;
- খ) ডিপিডিসি'র আওতাধীন এলাকায় আট লক্ষ পঞ্চাশ হাজার স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- গ) ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূগর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ;
- ঘ) বিভিন্ন ভোল্টেজ লেভেলে ক্যাপাসিটির ব্যাংক স্থাপনের মাধ্যমে পাওয়ার ফ্যাক্টরের মান উন্নতকরণ;
- ঙ) ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বর্তমান ওওভারহেড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আন্ডারগ্রাউন্ডে রূপান্তর করা।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ:

- ❖ বিদ্যুতের বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা ৭২০ এমভিএ বৃদ্ধি;
- ❖ ৬০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ❖ ৪০,০০০ প্রি-পেইড মিটার স্থাপন;
- ❖ সিস্টেম লসের হার শতকরা ৭.২ এ নামিয়ে আনা;
- ❖ ৩৫,০০০ নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদান।

Maxim

